326

দৈনিক সংবাদ

তারিখ APR 1 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## শিক্ষামন্ত্রী সমীপে

বর্তমানে দেশের প্রায় জেলায় এক বা একাধিক বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তিত কলেজ আছে। এ কলেজর প্রতিটি বিভাগে একজন করে অধ্যাপক, দু'জন সহযোগী অধ্যাপক এবং তিনজন সহকারী অধ্যাপক থাকার কথা; কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, এ কলেজগুলোতে যদি হিসেব করে দেখা হয় তবে দেখা যাবে শতকরা বিশ ভাগ শিক্ষক ওই পদগুলোতে নিয়োজিত রয়েছেন। ভাবতে অবাক লাগে এক বিভাগে একজনও অধ্যাপক নেই অথচ এই বিষয়ে অনার্স কোর্স খুলে বসা হয়েছে। তাছাড়া অধ্যাপক ছাড়াও অন্যান্য পদের অর্ধেকের বেশি শূন্য। অনেক কলেজে এখনও পদ সৃষ্টি হয়নি। শিক্ষক নেই, অথচ ক্লাস হবে কি? আমাদের দেশের ক্ষমতাধর রাজনীতিবিদ, আমলা বা নীতিপ্রণেতারা এ বিষয়ে কিছুই কি ভাবছেন না?

তাই মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট আবেদন, অন্তত শূন্যপদগুলো দ্রুত পূরণ করেই এবারের অনার্সে ভর্তির ব্যবস্থা করবেন। আর আগামী অর্থবছরের মধ্যে কলেজের নিয়মানুযায়ী পদগুলো সৃষ্টি করে দেশের অচল শিক্ষায়তনগুলোকে সবল করার ব্যবস্থা নেবেন।

সুব্রত ভৌমিক
মেসার্স ভুঁইয়া ট্রেডার্স
জে. বি রোড, ফেনী।